



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (UITRCE)  
বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)  
সুজানগর, পাবনা।



<http://uitrce.sujanagar.pabna.gov.bd/>

স্মারক নং: ৩৭.২০.৭৬৮৩.০০০.১৬.০১৩.১৭.১৪৭

তারিখ: ১ কার্তিক ১৪২৬  
১৭ অক্টোবর ২০১৯

বিষয় : ইউআইটিআরসিই, ব্যানবেইস, সুজানগর, পাবনা -এর উত্তাবনী উদ্যোগ/ ধারণা প্রেরণ প্রসঙ্গে।

সূত্র : ৩৭.২০.০০০০.০০৪.০৩৩.০০২.১৩.১০৬৮

তারিখ: ১৪.১০.২০১৯

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (UITRCE), সুজানগর, পাবনা- এর উত্তাবনী উদ্যোগ/ ধারণা প্রেরিত ফরমেট অনুযায়ী প্রস্তুত পূর্বক মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

(মোঃ বিদ্যুৎ হোসাইন)

সহকারী প্রোগ্রামার  
ইউআইটিআরসিই, ব্যানবেইস  
সুজানগর, পাবনা।

মহাপরিচালক  
বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)  
১ জহির রায়হান রোড (পলাশী-নীলক্ষেত)  
ঢাকা-১২০৫

অধিদপ্তর/ দপ্তর/ সংস্থার নাম: উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (ইউআইটিআরসিই), সুজানগর, পাবনা।

১। উদ্ভাবনের শিরোনাম : ইউআইটিআরসিই সেন্টারের সাইবার সেন্টারের যথাযথ ব্যবহার।

২। কীভাবে যাত্রা শুরু/ পটভূমি : পাবনা জেলার সুজানগর উপজেলায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষায় প্রায় ২০,০০০ ছাত্র/ছাত্রী এবং শিক্ষক শিক্ষিকা আছেন। বিভিন্ন সময় তাদের প্রয়োজনীয় কাজে কম্পিউটার ও ইন্টারনেট সেবা নেওয়ার প্রয়োজন হয়। ২০১৮ সালে একদিন এক শিক্ষক শিক্ষিকা প্রতিষ্ঠানের তথ্য অনলাইনে প্রেরণের জন্য স্থানীয় একটি ফটোকপি/কম্পিউটারের দোকানের আশেপাশে ঘুরছে। (ইউআইটিআরসিই ভবনে ১০ এমবিপিএস ইন্টারনেট সংযোগসহ ০৫ টি কম্পিউটার থাকায়) আমি ওই শিক্ষককে ইউআইটিআরসিই ভবনের সুবিধা নেওয়ার জন্য বলি। শিক্ষকটি ইউআইটিআরসিই ভবনের সুবিধা নিতে আগ্রহ দেখান এবং ইউআইটিআরসিই থেকে সুবিধা গ্রহণ করেন। তিনি জানান যে এই সেন্টারের এ ধরনের সুবিধা সম্পর্কে তিনি অজ্ঞ ছিলেন। অজ্ঞতা বা অজানার কারণে ইউআইটিআরসিই সেন্টারটির সাইবার রুমের যথাযথ ব্যবহার হয় না।

প্রথম পর্যায়ে সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিষ্ঠান প্রধানদের ইউআইটিআরসিই এর সাইবার সেন্টারের কার্যক্রম এবং এর মাধ্যমে তাঁরা যে সকল সুবিধা পেতে পারেন সে সকল বিষয় তাঁদেরকে অবগত করার উদ্যোগ গ্রহণ করলাম। পাশাপাশি তাঁরা যাতে নিজ নিজ প্রতিষ্ঠানের শিক্ষক ও শিক্ষার্থীর মাঝে সাইবার সেন্টারটির সুযোগ সুবিধা সম্পর্কে অবগত করেন এ বিষয়ে উদ্যোগ গ্রহণ করলাম।

ইউআইটিআরসিই, সুজানগর, পাবনা নামে একটি ফেসবুক পেজ খুলে ইউআইটিআরসিই এর সাইবার সেন্টারের বিনামূল্যে ব্যবহার সম্পর্কে সকল শিক্ষক ও ছাত্র/ছাত্রীদের অবগত করতে শুরু করলাম।

৩। পরিবর্তনের শুরুর কথা অথবা এই উদ্যোগ কী কী কল্যাণ বয়ে এনেছে : ইউআইটিআরসিই সেন্টার সম্পর্কে সবাইকে জানানোর কার্যক্রম চলমান আছে। প্রাস্তিক পর্যায়ে ইন্টারনেট সেবার অপ্রতুলতার কারণে মাঝে মাঝে কিছু সংখ্যক ছাত্র/ ছাত্রী ও শিক্ষকবৃন্দ তাদের প্রয়োজনীয় কাজকর্ম ইউআইটিআরসিই এর সাইবার সেন্টার ব্যবহারের মধ্য দিয়ে সম্পন্ন করেন। ভবিষ্যতে এই সেবা আরও বাড়ানোর কার্যক্রম চলমান রয়েছে।

৪। উপকারভোগী বা অংশীজনের প্রতিক্রিয়া/ অনুভূতি : উপজেলা পর্যায়ে ১০ এমবিপিএস ইন্টারনেট সংযোগসহ কম্পিউটার ব্যবহারের ব্যবস্থা থাকায় ব্যবহারকারীরা অনেক আনন্দিত এবং খুশি। উপজেলা থেকে প্রযুক্তি ব্যবহারে এই সুবিধা গ্রহণ করে আগামীর পথচলা তারা আরও সুন্দর করতে চায়।

৫। টিভিসি/ গ্রাফ/ ইনফ্রাফ্রিকস/ ছবি/ ভিডিও : ইউআইটিআরসিই, ব্যানবেইস ভবন/ অফিসে এসেই রেজিস্টারে ব্যবহারকারীর নাম, ঠিকানা এন্ট্রি পূর্বক সাইবার সেন্টারের সুবিধা গ্রহণ করতে পারবেন।

৬। উদ্ভাবন ও বাস্তবায়ন টিম :

ক্রমিক নং	সদস্য/ সদস্যদের নাম	পদবী	ঠিকানা	ছবি
০১	মোঃ বিদ্যুৎ হোসাইন	সহকারী প্রোগ্রামার	ইউআইটিআরসিই, ব্যানবেইস সুজানগর, পাবনা।	
০২	আব্দুর রাকিব	ল্যাব এ্যাসিস্টেন্ট		